**ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট,১৯৯৯-ফরেন ট্রাভেল**
**এ-পি (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং.১৯ (অক্টোবর ৩০.২০০০)**

ভারতীয় রির্জাভ ব্যাংক
এক্সচেঞ্জ কন্ট্রোল ডিপার্টমেন্ট
কেন্দ্রীয় কার্যালয়
মুম্বাই-৪০০০০১

এ-পি (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং.১৯ অক্টোবর ৩০, ২০০০

সকল অনুমদিত ডিলারগনের প্রতি,

মাননীয় মহাশয়,

ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট,১৯৯৯-ফরেন ট্রাভেল সকল অনুমদিত ডিলারগনকে, ভারত সরকারের অনুমদিত ডিলারগনকে,ভারত সরকারের নোটিফিকেশন নং GSR:381(E) রুল (কারেন্ট অ্যাকাউন্ট ট্রানজ্যাকশন),২০০০, এর প্রতি দৃষ্টি আকর্ষন করে জানান যাচ্ছে যে এক্সচেঞ্জ সর্ম্পকিত কারেন্ট অ্যাকাউন্ট বিনিময় স্থগিত করা হয়েছে এবং অন্যান্য বিনিময়ের ক্ষেত্রে কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে।নোটিফিকেশনের অন্তর্গত আইনের ৫নং ধারা অনুয়ায়ী সিডিউল ৩ সম্পর্কিত বিনিময়ের জন্য রির্জাভ ব্যাংকের প্রাক-স্বীকৃতি প্রয়োজন। আশা করা যাচ্ছে এই সারকুলারের অ্যানেক্সার দ্বারা অনুমদিত ডিলারগন, বিদেশ ভ্রমনকালীন বৈদেশিক ছাড়ের বিষয়ে তথ্য সমূহ সম্পর্কে অবগত হবেন।

২। (পরিষ্কার ভাবে) জানান যাচ্ছে যে সংযোজনীটি পড়বার সময় ওরা মে ২০০০, এর নোটফিকেশনটির অর্ন্তগত/সম্পর্কিত ভারত সরকারের অর্থনৈতিক মন্ত্রক প্রদত্ত আইনগুলিকে দেখে নিতে হবে।

৩। ইন্টারন্যাশনাল ক্রেডিট কার্ড,ইন্টারন্যাশনাল ডেবিট কার্ড, এ.টি.এম কার্ড প্রভৃতি ব্যবহারের ক্ষেত্রেও ভারতসরকারের নোটিফিকেশন নং G.H.R 381(E) ৩রা মে,২০০০ এর (b) বিভাগের (2) নং আইন গ্রাহ্য হবে।সেই সাথে জানানো যাচ্ছে যে এ সমস্ত কার্ড ব্যবহারের ক্ষেত্রে নোটিফিকাশনের কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে।আরও জানানো যাচ্ছে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট,১৯৯৯ এর (h) বিভাগের সেকশন ২ অনুযায়ী ,কারেন্সি, ইন্টার-এলিয়াস প্রভৃতি ইন্টারন্যাশনাল ক্রেডিট কার্ডের অন্তর্গত।৩রা মে ২০০০ এর নোটিফিকেশন নং FEM 15/RB-2000 দ্বারা রির্জাভ ব্যাংক এ.টি.এম কার্ড, ডেবিট কার্ড কে কারেন্সি বলে স্বীকার করেছে।সুতরাং ক্রেডিট কার্ড, ডেবিটকার্ড, এ.টি.এম কার্ড প্রভৃতি দ্বারা পেমেন্ট শুধু একটি ভিন্ন প্রক্রিয়া বলে গন্যহবে। এই সব কার্ডগুলি সম্বন্ধে আইন-নিয়ম-নির্দেশ ক্রেডিট কার্ড, ডেবিটকার্ড, এ.টি.এম কার্ড প্রভৃতি সম্পর্কিত আএন দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৪। জানানো যাচ্ছে যে, ব্যক্তিগত ভ্রমনের উদ্দেশ্য ব্যতিত অন্য কারণে যদি কোন ব্যক্তি বিদেশে যায়,তবে ভ্রমন কালে ভ্রমনকারীর পাসপোর্টের পিছনে ‘বৈদাশিক বিনিময়’ সম্পর্কিত বিষয়ে ফরেন এক্সচেঞ্জ বিক্রয়কারী অনুমদিত ডিলারের কিছু লেখার **দায় নেই**। কোন ব্যক্তিগত ভ্রমনের ক্ষেত্রে যেমন ভ্রমনকারীদের সহায়ক বেসিক ট্র্যাভেল কোটা (বি-টি-কিউ) সাহায্যে, ভ্রমন কালে,বিক্রিত ফরেন এক্সচেঞ্জ সম্বন্ধে বিবরণ ভ্রমনকারীর পাসপোর্টের পিছনে অনুমদিত ডলারের স্ট্যাম্প,তারিখ ও সই সহ **লিখে দিতে হবে**।

৫। <u>অগ্রীম পাওনা মেটানো</u>

ছাড়যোগ্য/গ্রহণযোগ্য কোন ফরেন এক্সচেঞ্জ এর ক্ষেত্রে কারেন্ট অ্যাকাউন্ট লেনদেনের জন্য অনুমদিত ডিলারগন অগ্রিম টাকা জমা দিতে পারেন। তবে এই টাকার পরিমান মার্কিন ডলার ২৫০০০ বা তার সমতুল্যের বেশি হবে না। মার্কিন ডলার২৫০০০ বা তার সমতুল্যের বাশি টাকার ক্ষেত্রে ভারতের বাইরে অবস্থিত কোন আন্তর্জাতিক ব্যাংক অথবা ভারতের কোন স্বীকৃত আন্তর্জাতিক ব্যাংকের কাউন্টার গ্যারান্টির পরিপ্রেক্ষিতে গ্যারান্টি ইস্যু হয়

সেটাকে বিদেশী বদান্যতা ধরা হবে। আইনগত বাধ্যবাধকতা পূরণ করে অনুমদিত ডিলারগনও ভারতের কোন অগ্রিম টাকা প্রদানকারীর সঙ্গে চুক্তির ক্ষেত্রে এই সুবিধা অনুসরণ করতে পারেন।

৬। এই বিজ্ঞপ্তির সংযোজনীর নির্দেশাবলী, এক্সচেঞ্জ কন্ট্রোল ম্যানুয়াল (১৯৯৩ এডিশন) ৪নং অধ্যায়ের অংশ ও তার অ্যানেক্সার (১,২,৪) এর থেকে আলাদা রাখা হয়েছে।

৭। অনুমদিত ডিলারগন তাদের সংস্থার পক্ষ থেকে এই বিজ্ঞপ্তির অংশ বিশেষ বিজ্ঞপ্ত করতে পারেন।

৮। ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট,১৯৯৯ (১৯৯৯-এর ৪২ নং )এর সেকশন ১০(৪) এবং সেকশন ১১(১) এর অধীনে এই সারকুলারের নির্দেশ গুলি গৃহীত হয়েছে।এই নির্দেশাবলীর কোন প্রকার লঙ্ঘন বা অবজ্ঞা হলে আইনানুসারে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

ইতি ভবদীয়

**কে. জে. উদেশি,**

চিফ জেনারেল ম্যানেজার

**সংযোজনী**

**বিদেশে ভ্রমণ**

## A.1. সাধারণ-

ভারতে বসবাসকারী ব্যক্তিগণের বিদেশ ভ্রমণকালে, ফরেন এক্সচেঞ্জ ছাড়পত্রের জন্য অনুমদিত ডিলারগন,ভারত সরকারের অধীনস্থ সেকশন ৫ এর ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট,১৯৯৯ দ্বারা নির্দেশিত হবেন।নেপাল এবং ভুটানে ভ্রমনের জন্য,গর্ভমেন্ট নোটিফিকেশন নং GHR 381(E) ,তারিখ ৩রা মে ২০০০ বিভাগ(b)র ৩ নং আইনের দ্বারা ফরেন এক্সচেঞ্জ নির্দিষ্ট সীমার অতিরিক্ত ছাড়ের ক্ষেত্রে নোটিফিকেশনে উল্লিখিত শিডিউল iii অনুযায়ী রিজার্ভ ব্যাংকের পূর্ববর্তী অনুমোদন গ্রহণযোগ্য হবে। অতিরিক্ত ছাড়ের জন্য দরখাস্ত পত্র, শিডিউল iii তে উল্লিখিত নির্দিষ্ট বয়ান অনুযায়ী এক্সচেঞ্জ কন্ট্রোল ডেভেলপমেন্ট এর আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে,দরখাস্তপত্রের গ্রহণযোগ্যতা এদের বিবেচনাধীন।

## A 2. বিদেশি মুদ্রার বিক্রি

(a) রিজার্ভ ব্যাংক বা ভারত সরকারের পক্ষ থেকে দেওয়া ফরেন এক্সচেঞ্জ অনুমোদন পত্র তাতে উল্লিখিত নির্দিষ্ট সময় সীমার মধ্যে বিক্রয় করা যাবে।সেক্ষেত্রে অনুমোদন পত্রের পিছনের পাতায় উক্ত স্বত্ব প্রদান সম্পর্কে লিখে দিতে হবে।

(b) ব্যক্তিগত ব্যতিত অন্যান্য বিদেশ ভ্রমনের ক্ষেত্রে ফরেন এক্সচেঞ্জ এর বিক্রির সময় অনুমদিত ডিলারগনের ভ্রমণকারীর পাসপোর্টের পিছনে কিছু লেখার দরকার নেই। কিন্তু ব্যক্তিগত ভ্রমণকারীর ক্ষেত্রে ফরেন এক্সচেঞ্জ এর বিক্রির সময় ভ্রমণকারীর পাসপোর্টের পিছনে ডিলারএর স্ট্যাম্প ও তারিখ সহ স্বাক্ষর করা প্রয়োজন।

<u>নোট:</u>

*(A)* *ব্যক্তিগত ভ্রমণ ব্যতিত অন্যান্য ক্ষেত্রে অনুমোদিত ডিলারগণ ভ্রমণকারীর অনুরোধের ভিত্তিতে বিক্রয়কৃত ''ফরেন এক্সচেঞ্জ'' এর বিস্তারিত বিবরন তাদের স্ট্যাম্প ও সইসহ লিখে দিতে পারেন।*

*(B)* *পিতামাতার পাসপার্টে কোন শিশুর ভ্রমন কালে তথ্যাদি তাদের যৌথ পাসপোর্টের পিছনে লেখা যেতে পারে।*

*(C)* *ট্রাভেলার চেক অনুমোদনের ক্ষেত্রে,ভ্রমণকারীর স্বয়ং দায়িত্ব প্রাপ্ত আধিকারিকের উপস্থিতিতে চেকে স্বাক্ষর করবেন এবং এক্ষেত্রে ক্রেতার প্রাপ্ত রসিদ সমূহ যথোচিত নিয়মানুযায়ী রক্ষিত করতে হবে।*

*(D)* *সামগ্রিক ভাবে বিক্রিত ফরেন এক্সচেঞ্জ সমূহের বিদেশী টাকায়-নোট এবং পয়সায় প্রাপ্ত সর্বচ্চোসীমা নিচে নির্দেশ করা হল-*

| | | |
|---|---|---|
| (i) | ইরাক, লিবিয়া, ইসলামিক গণতান্ত্রিক ইরান, রাশিয়ান ফেডারেশন এবং কমন ওয়েলথ অফ ইন্ডিপেন্ডেন্ট স্টেটসের অন্যান্য প্রজাতন্ত্রগুলি ব্যতিত অন্যান্য দেশে ভ্রমণকারীগণ | মার্কিন ডলার ৫০০ বা তার বেশি নয় |
| (ii) | ইরাক, লিবিয়া ভ্রমণকারীগণ | মার্কিন ডলার ৫০০ বা তার বেশি নয় |
| (iii) | ইসলামিক গণতান্ত্রিক ইরান, রাশিয়ান ফেডারেশন এবং কমন ওয়েলথ অফ ইন্ডিপেন্ডেন্ট স্টেটসের অন্যান্য প্রজাতন্ত্রগুলি ব্যতিত অন্যান্য দেশে ভ্রমণকারীগণ। | সম্পূর্ণ মুদ্রা প্রাপ্ত হবেন |

(E) নিজস্ব ইন্টারন্যাল অডিটর দ্বারা ভেরিফিকেশনের উদ্দেশ্যে অনুমদিত ব্যক্তিগণ বিদেশি মুদ্রা সম্পর্কিত A2 ফর্ম এবং তৎসহ নথিসমূহ একবছর পর্যন্ত গচ্ছিত রাখতে পারেন।

**A.3** কোন ব্যক্তি বিদেশে ভ্রমণ কালে অসুস্থ হয়ে পড়েলে ভারত সরকারের বিজ্ঞপ্তি নং GSR381(),3 রাখে, ২০০০ এর ৫ নং আইনের সহায়তায়, ভারতের বাইরে চিকিৎসার জন্য ফরেন এক্সচেঞ্জ ভাঙাতে পারেন।

### A.4 সাংস্কৃতিক ভ্রমণ

নাচের দল, কোন শিল্পী প্রভৃতিরা সাংস্কৃতিক কোন বিষয়ে বিদেশে যেতে চাইলে তারা প্রয়োজনীয় ফরেন এক্সচেঞ্জ জন্য ভারত সরকারের মানবোন্নয়ন মন্ত্রক (শিক্ষা ও সংস্কৃতি বিভাগ) এর কাছে সুপারিশের জন্য আবেদন করতে পারেন। অনুমদিত ডিলারগন সে ক্ষেত্রে এই মন্ত্রকের আদেশ ও শর্ত পালন করে বর্ধিত হারে ফরেন এক্সচেঞ্জ ভাঙিয়ে দিতে পারেন।

### A.5 ব্যক্তিগত ভ্রমণ

যে কোন কারনে ব্যক্তিগত ভাবে ভারতের বাইরে ভ্রমণকারীকে ফরেন এক্সচেঞ্জ ভাঙিয়ে দেওয়া যাবে যদি তিনি তা গ্রহনের উপযুক্ত হন।

### A.6 কয়েকটি বিশেষ ক্ষেত্রে বিদেশি মুদ্রা সম্পর্কিত আলোচনা

চিকিৎসা, শারিরীক পরীক্ষা - প্রভৃতি কারণে আবেদনের ভিত্তিতে বিদেশি মুদ্রা ভাঙিয়ে দিলে অনুমোদিত ডিলারগনকে, উক্ত আবেদনকারী দেশে ফেরার দু সপ্তাহের মধ্যে এ সম্বন্ধীয় যাবতীয় তথ্য ও সঠিক খরচের সম্পর্কে যথার্থ ভাবে অবগত হতে হবে অন্যথায় আবেদনকারী বাসস্থান রিজার্ভ ব্যাংকের যে আঞ্চলিক কার্যালয়ের আওতায় পড়ছে সেখানে জানাতে হবে।

### A.7 বিদেশি মুদ্রার প্রত্যার্পণের সময় কাল

ফেমা ১৯৯৯ বা সংশ্লিষ্ট আইন বা নিয়মের আওতায় কোন করণে কেনা বিদেশি মুদ্রা যদি ঐ কারণে বা অন্য কোন কারণে ব্যবহৃত না হয় তবে ষাট দিনের মধ্যে অব্যবহৃত সম্পূর্ন বা তার অব্যবহৃত অংশ একজন অনুমোদিত ব্যক্তির কাছে প্রত্যার্পণ করতে হবে।

দ্রষ্টব্য: *ষাট দিন পেরিয়ে যাবার পর ও কোন ব্যক্তি, অনুমোদিত ব্যক্তির নিকট বিদেশি মুদ্রা জমা দিতে চাইলে অনুমোদিত ব্যক্তি ষাট দিন পেরিয়ে গেছে এই অজুহাতে তা ফেরৎ নিতে অস্বীকার করবেন না।*

### A.8 খরচ হয়নি এমন বিদেশি মুদ্রা

বিদেশে খরচ না হওয়া, কারেন্সি নোটে থাকা বিদেশি মুদ্রাকে ভারতে ফেরার নব্বই দিনের মধ্যে ঐ ভ্রমণার্থিকে ভারতীয় টাকার বিনিময়ে একজন সংশ্লিষ্ট আনুমোদিত ব্যক্তির হাতে প্রত্যবর্তিত করতে হবে। যদি এই বিদেশি মুদ্রা ট্রাভেলার চেকে থাকে তবে দেশে ফেরার একশো আশি দিনের মধ্যে একই ভাবে সংশ্লিষ্ট অনুমোদিত ব্যক্তিকে ফেরত দিতে হবে।ঐভ্রমণার্থি এই নির্দিষ্ট সময়ের মথ্যে ফিরিয়ে আনা বিদেশি মুদ্রা তার পরবর্তি ভ্রমণের জন্য ব্যবহার করতে পারেন। কাজেই ফেরতা বিদেশ ভ্রমণকারী নিজের কাছে মার্কিন ডলার ২০০০ পর্যন্ত ট্রাভেলারস চেক এবং নোটে রাখতে পারেন এবং ফরেন-কয়েনের ব্যাপারে এরকম কোন বাধ্যবাধকতা নেই (বিজ্ঞপ্তি নং FEMA 11/2000-RB ৩রা মে ২০০০ দেখুন)। এই রকম বিদেশি মুদ্রা পরবর্তী বিদেশ ভ্রমণের জন্য ব্যবহার করা যাবে।

দ্রষ্টব্য: *ষাট দিন পেরিয়ে যাবার পর ও কোন ব্যক্তি, অনুমোদিত ব্যক্তির নিকট বিদেশি মুদ্রা জমা দিতে চাইলে অনুমোদিত ব্যক্তি ষাট দিন পেরিয়ে গেছে এই অজুহাতে তা ফেরৎ নিতে অস্বীকার করবেন না।*

## A.9 ট্যুর অ্যারেঞ্জমেন্টের জন্য অর্থাদির প্রেরণ

I. নির্দিষ্ট আইন, নিয়ম এবং বলবৎ নির্দেশাবলী মান্য করে আনুমোদিত ডিলারগন একটি উপযক্ত সীমা পর্যন্ত বিদেশি মুদ্রা ভ্রমণকারীর অনুরোধের ভিত্তিতে তার ভ্রমণীয় দেশে ভ্রমণকারীর হোটেল পরিষেবা ও অন্যান্য ভ্রমণ আয়োজনের প্রেরণ করতে পারেন, এটা অনুমোদিত ব্যক্তির কাছ থেকে ক্রীত ভ্রমণকারীর বিদেশি মুদ্রা এর বাইরে হতে পারে।

II. নির্দিষ্ট আইন, নিয়ম এবং বলবৎ নির্দেশাবলী মান্য করে অনুমোদিত ডিলারগন বিদেশে হোটেল পরিষেবা অন্যান্য ভ্রমণ আয়োজনের কাছে নিযুক্ত ভারতীয় এজেন্টগনের অনুরোধের ভিত্তিতে, বিদেশে হোটেল/এজেন্ট প্রভৃতি নিয়োগের জন্য অর্থ সরবরাহ করতে পারেন, ভারত থেকে যাওয়া ভ্রমণকারীর জন্য। তবে এক্ষেত্রে তাকে নি:সন্দেহ হতে হবে যে সরবরাহ কৃত অর্থ নির্দিষ্ট অনুমোদিত ব্যক্তির নিকট হতে ঐ ভ্রমণকারী ক্রীত ফরেন-এক্সচেঞ্জের বাইরে।

III. অনুমোদিত ডিলারগন ভারত থেকে যাওয়া ভ্রমণার্থিদের জন্য ভারতের, হোটেল/এজেন্ট জোগার এবং ভারতের বাইরের, হোটেল পরিব্যবস্থা ও অন্যান্য ভ্রমণ ব্যবস্থার সুবিধার্থে, নিজেদের এজেন্টদের নামে ফরেন কারেন্সি অ্যাকাউন্ট খুলতে পারেন।

(a) এই অ্যাকাউন্টের মাধ্যমে জমা নেওয়া সুবিধে হবে –

(I) ভ্রমণার্থিদের কাছ থেকে ফরেন-এক্সচেঞ্জের জন্য সংগ্রহ।

(II) বাতিল হয়ে যাওয়া হোটেল পরিষেবা ও অন্যান্য ভ্রমণ ব্যবস্থার অর্থ ফেরত নেওয়া।

## A.10 ভারতীয় টাকায় পাওনা মেটানো

অনুমোদিত ডিলারগন বিদেশ ভ্রমণের ক্ষেত্রে বিদেশি মুদ্রা বিক্রি কালে পঞ্চাশ হাজার টাকা পর্যন্ত নগদে গ্রহন করতে পারেন (ব্যক্তিগণ বা অন্য যেকোন ভ্রমণের ক্ষেত্রে)। বিদেশি মুদ্রার মূল্য পঞ্চাশ হাজার টাকা বা তার সমতূল্যকে ছাড়িয়ে গেলে টাকা নিতে হবে শুধুমাত্র-

(১) দরখাস্তকারীর ব্যাংক অ্যাকাউন্টের উপর কাটা চেকে।

(২) দরখাস্তকারীর ভ্রমণে স্পনসরকারী ফার্ম/কোম্পানির ব্যাংক অ্যাকাউন্টের উপর কাটা চেকে।

(৩) ব্যাংকারস চেক/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফ্‌ট।

দ্রষ্টব্য: *একবার ভ্রমণের জন্য একাধিক বারে ক্রীত বিদেশি মুদ্রার মোট পরিমান পঞ্চাশ হাজার টাকার বেশি হলেও উপরোক্ত নিয়ম ধার্য হবে।*